



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, সিলেট।
Web-www.sylhetboard.gov.bd

স্মারক নং : সিশিবো/কঃ শাঃ/২০১৫/৪৩১

তারিখ : ১১/১১/২০১৫ খ্রিঃ।

বিষয় : একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের কলেজ অনুমোদন কমিটির অনুমোদনক্রমে তাঁর কলেজের শুধুমাত্র মানবিক শাখার নিম্নলিখিত বিষয়সমূহে ০১/০৭/২০১৫ খ্রিঃ থেকে ৩০/০৬/২০১৭ খ্রিঃ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো।

একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত শাখা ও বিষয়সমূহ :

আবশ্যিক বিষয়সমূহ	: ১। বাংলা	২। ইংরেজি	৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
মানবিক শাখার বিষয়সমূহ	: ১। গৌরনীতি ও সুশাসন	২। অর্থনীতি	৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৪। সমাজকর্ম।

তাঁর অবগতির জন্য আরও জানানো যাচ্ছে যে, ৩০/০৬/২০১৭ খ্রিঃ তারিখের পর থেকে স্বীকৃতি নবায়নের বিষয়টি নিম্নলিখিত শর্তসমূহ মথায়ভাবে পূরণ করার পর এবং কলেজের কার্যাবলির সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তির পর বিবেচনা করা যেতে পারে।

শর্তসমূহ :

১. একাডেমিক স্বীকৃতির ফলে সরকারের উপর কোন ধরনের আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
২. শিক্ষা মন্ত্রণালয়, অত্র শিক্ষা বোর্ড ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত বিধিবিধান অবশ্যই কঠোরভাবে পালন করতে হবে;
৩. অবিলম্বে সকল শূণ্য পদে বিধিমোতাবেক মহিলা কোটা পূরণ করতঃ এনটিআরসিএ সনদধারী যোগ্যতাসম্পন্ন শিক্ষক/শিক্ষিকা ও জনবল নিয়োগ করে অত্র শিক্ষা বোর্ডকে অবহিত করতে হবে;
৪. ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ থেকে বিধি মোতাবেক কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে;
৫. আগামী ০১ (এক) বছরের মধ্যে পরীক্ষার্থীর সংখ্যা ও পাশকৃত সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
৬. বারে পরা রোধকল্পে ভর্তিকৃত শিক্ষার্থীদের শতভাগ এইচ. এস. সি. পরীক্ষায় প্রেরণ নিশ্চিত করতে হবে;
৭. এইচ. এস. সি. পরীক্ষার ফলাফলের গুণগত ও সংখ্যাগত মান উন্নয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
৮. নিয়মিতভাবে টিউটরিয়াল পরীক্ষা নিয়মিতভাবে পরিচালনা করতে হবে;
৯. শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-শিক্ষক-অভিভাবক সমন্বয়ে “জঙ্গীবাদ প্রতিরোধ ও প্রতিকার” সমাবেশ অনুষ্ঠানের মাধ্যমে জঙ্গীবিরোধী সচেতনতা সৃষ্টি করতে হবে;
১০. ধর্মীয় ও সামাজিক মূল্যবোধের সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;
১১. সরকার প্রয়োজন মনে করলে যেকোন সময় যেকোন শর্ত আরোপ করতে পারবে;
১২. যথাযথভাবে পাঠ পরিকল্পনা প্রণয়ন ও প্রয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১৩. শিক্ষার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে বছরে ন্যূনতম দুইবার অভিভাবক সমাবেশ করতে হবে;
১৪. শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু করতে হবে;
১৫. উচ্চমাধ্যমিক শ্রেণি উপযোগী পাঠাগার স্থাপন করতে হবে এবং শিক্ষার্থীদের লাইব্রেরিতে অনুশীলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১৬. ক্যাম্প বই নিয়মিত করণসহ সকল প্রকার রেজিস্টার খুলতে হবে এবং তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
১৭. ত্রৈমাসিক আভ্যন্তরীণ অডিট টিম গঠন করতঃ অডিট প্রতিবেদন বোর্ডে দাখিল করতে হবে;
১৮. সুদক্ষ রোভার ও রেঞ্জার দল গঠন করতে হবে;
১৯. প্রতিষ্ঠাতা ও দাতাদের নাম দুটি পৃথক বোর্ডে স্পষ্ট ও দর্শনীয়ভাবে অফিস কক্ষে স্থায়ীভাবে প্রদর্শন করতে হবে;
২০. কলেজের চারপাশে ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপন এবং পরিচর্যা করতে হবে;
২১. উচ্চমাধ্যমিক শ্রেণি উপযোগী একটি সমৃদ্ধ কম্পিউটার ল্যাবঃ স্থাপন করতে হবে এবং নিয়মিত ব্যবহারিক ক্লাস নিশ্চিত করতে হবে;
২২. অবশ্যই কলেজ ক্যাম্পাসের চারপাশে সীমানা প্রাচীর নির্মাণসহ অধিকতর অবকাঠামো/ভবন নির্মাণ করতে হবে;
২৩. কলেজের নামে একটি ওয়েব সাইট খুলে বোর্ডকে অবহিত করতে হবে;
২৪. শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রী হাজিরা নিয়মিত হতে হবে;
২৫. স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই নবায়নের জন্য আবেদন করতে হবে;
২৬. উক্ত স্বীকৃতি ভবিষ্যতে কোন প্রতিষ্ঠানের জন্য উদাহরণ বা নজির হিসেবে বিবেচিত হবে না;
২৭. বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
২৮. সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় এ স্বীকৃতি বাতিল বা স্থগিত করতে পারবে।

(মোঃ মোস্তফা কামাল আহমদ)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ফোন : ০৮২১-৮৪০০৮৬

প্রাপকঃ অধ্যক্ষ

ভাটরাই উচ্চ বিদ্যালয় ও কলেজ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১, সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

